

## প্রেস রিলিজ

০২এপ্রিল ২০২৪

প্রথাগত উন্মুক্ত শিক্ষা থেকে সক্ষমতা ভিত্তিক স্মার্ট উন্মুক্ত শিক্ষায় রূপান্তর জরুরি  
বাউবি ট্রেজারার



ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব ওপেন স্কুলিং (NIOS) ও কমনওয়েলথ এডুকেশনাল সেন্টার ফর এশিয়া (CEMCA) - এর যৌথ উদ্যোগে আয়োজিত “Perceptions and Innovations in Open and Distance Learning” শীর্ষক তিনদিন ব্যাপী আন্তর্জাতিক সম্মেলন ভারতের দিল্লীর নয়ডায় ০১ এপ্রিল ২০২৪ তারিখে শুরু হয়েছে। সম্মেলনের প্রথম দিনে প্লেনারী বক্তৃতায় বাউবি ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল বলেন প্রথাগত উন্মুক্ত শিক্ষা থেকে সক্ষমতা ভিত্তিক স্মার্ট উন্মুক্ত শিক্ষায় রূপান্তর জরুরি। তিনি উল্লেখ করেন যে, বিশ্বায়নের সুবিধাদির সর্বোচ্চ অর্জনে শিক্ষায় শুধুমাত্র সংস্কার যথেষ্ট নয়, এর আমূল পরিবর্তন জরুরি। তিনি বলেন দ্রুত পরিবর্তিত বৈশ্বিক অবস্থায় শুধুমাত্র জ্ঞান ও দক্ষতা অর্জন যথেষ্ট নয়, এগুলো কাজে লাগিয়ে সমাজে পরিবর্তন আনয়নের সক্ষমতা তৈরি হতে হবে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ সৃষ্টি ও উন্মুক্ত শেয়ারিং-এর উপর গুরুত্ব আরোপ করেন। সম্মেলনে শিক্ষা ব্যবস্থায় জ্ঞান ও দক্ষতার পাশাপাশি নৈতিক মূল্যবোধ ও স্বশিখন সক্ষমতার উপর সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে। সম্মেলনটি আগামী ৩ এপ্রিল ২০২৪ তারিখ শেষ হবে।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)